

শিক্ষকদের অনলাইন প্রশিক্ষণে মাউশির নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

২৭ ডিসেম্বর ২০২২ ১২:০০ এএম | আপডেট: ২৬ ডিসেম্বর ২০২২

১১:২৮ পিএম

1
Shares

বিষয় গ্রন্থালয়
আমাদের মাঝে

advertisement

আগামী বছর থেকে শুরু হতে যাওয়া মাধ্যমিক বিদ্যালয়ের নতুন কারিকুলামের ওপর শিক্ষকদের বিষয়ভিত্তিক ফেস টু ফেস প্রশিক্ষণ দেওয়া হবে। এই প্রশিক্ষণের আগেই শিক্ষকদের ‘বিষয়ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ’ আগামী ২৯ ডিসেম্বরের মধ্যে শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে। এই প্রশিক্ষণ শিক্ষকদের জন্য বাধ্যতামূলক। কোনো শিক্ষক অনলাইন এই প্রশিক্ষণ না করলে ‘ফেস টু ফেস’ মূল প্রশিক্ষণে অংশ নিতে পারবেন না। গতকাল সোমবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) পরিচালক (প্রশিক্ষণ) অধ্যাপক ড. প্রবীর কুমার ভট্টাচার্য স্বাক্ষরিত এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে।

advertisement

নির্দেশনায় বলা হয়, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদান করা প্রাথমিক বিদ্যালয়ের ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখার আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিক্ষণ কার্যক্রম চালু হতে যাচ্ছে।

advertisement 4

নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকদের ধারাবাহিক বিভিন্ন প্রশিক্ষণের অংশ হিসেবে শিগগিরই বিষয়ভিত্তিক ফেস টু ফেস প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। ফেস টু ফেস প্রশিক্ষণ শুরু হওয়ার আগে সংশ্লিষ্ট বিষয়ের মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও যেসব প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়। যেসব শিক্ষক এখনো প্রশিক্ষণটি গ্রহণ করতে পারেননি, তারা অনলাইন মুক্তপাঠ ই-লার্নিং প্ল্যাটফর্মে যুক্ত হয়ে ‘বিষয়ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ’ কোর্সটি আগামী ২৯ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করবেন।

এই প্রশিক্ষণে অংশ নেওয়া বাধ্যতামূলক। এই প্রশিক্ষণ ছাড়া কোনো শিক্ষক সরাসরি প্রশিক্ষণে অংশ নিতে পারবেন না বলেও উল্লেখ অফিস আদেশে উল্লেখ করা হয়।